

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়
পুঠিয়া, রাজশাহী।

স্মারক নং-৪৭.৬২.৮১৮২.১০০.১৬.০৯৫.১১.২৩৬

তারিখঃ ০৯/০৭/২০২০খ্রিঃ।

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, আপনার আওতাধীন রাঙ্গামাটিয়া কৃষক সমবায় সমিতির খাতা পত্র নিম্ন স্বাক্ষরকারী কর্তৃক বিগত ০৩-০৭-২০২০খ্রিঃ যাচাই করা হয়, যাচাই কালে নিম্ন লিখিত ত্রুটি পাওয়া যায়,

০১. অত্র দপ্তরের লেজার মূলে বিগত ১৯-০১-২০২০খ্রিঃ মূলে সঞ্চয় জমা ৩০০/- টাকা যাহা প্রাথমিক সমিতির সঞ্চয় খতিয়ানে লিপিবদ্ধ করা হয় নাই। ব্যাখ্যা প্রয়োজন।
০২. অত্র দপ্তরের খতিয়ান মূলে সমিতিতে ঋণ বিতরণ করা হয়েছে বিগত ০৩-১০-২০১৯খ্রিঃ তারিখে কিন্তু ০৩-০৭-২০২০খ্রিঃ যাচাই কালে সমিতির ঋণ খতিয়ানে কোন ঋণ বিতরণ নাই। ব্যাখ্যা প্রয়োজন।
০৩. শেয়ার সঞ্চয় ও ঋণ খতিয়ানে শুধুমাত্র সদস্যর নাম লেখা রয়েছে, সদস্যর পিতার নাম, সদস্য নং এর ব্যয়গায় ফাঁকা। ব্যাখ্যা প্রয়োজন।
০৪. সমিতিতে সর্বশেষ নির্বাচন ০২-০৯-২০১৫খ্রিঃ তারিখে ফলে কমিটির মেয়াদ ০১-০৯-২০১৮খ্রিঃ তারিখে শেষ। বৈধ কমিটি নাই কিন্তু উক্ত সমিতিতে ২(দুই) বার ঋণ বিতরণ করা হয়েছে। ব্যাখ্যা প্রয়োজন।
০৫. সভ্য রেজিষ্টারে ০৫ নং সদস্যর নাম মোঃ ইউনুস আলী কিন্তু ঋণ বিতরণ নোট সিটে এবং ঋণ বিতরণ সনদে মোঃ মাসুম পারভেজ। ব্যাখ্যা প্রয়োজন।
০৬. সমিতির বিগত সাধারণ সভায় ০৩নং আলোচ্য সূচীতে অডিট নোট উপস্থাপন করা হয়েছে এবং অডিট নোট সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়েছে। কিন্তু প্রাথমিক সমিতির লেজার এবং কেন্দ্রীয় সমিতির লেজার মূলে আমানতে ১২,০০০/- টাকা গরমিল রয়েছে। ব্যাখ্যা প্রয়োজন।
০৭. সভ্য রেজিষ্টার এবং আদায় সীট অনুযায়ী ২৫ নং সদস্য রহিদুল ইসলাম কিন্তু সঞ্চয় খতিয়ান এবং বিতরণ সনদ অনুযায়ী জাহিদুল ইসলাম। ব্যাখ্যা প্রয়োজন।
০৮. সমিতির কোন সাধারণ খতিয়ান পাওয়া যায় নাই। সমবায় আইন অনুযায়ী সাধারণ খতিয়ান তালিকা ভুক্ত খতিয়ান যাহা না থাকায় ব্যাখ্যা প্রয়োজন।
০৯. সমিতির ক্যাশ বহি হালনাগাদ পাওয়া যায় নাই। ব্যাখ্যা প্রয়োজন।

এছাড়াও সময় মতো অফিসে আগমন প্রস্থান না করে কর্ম ঘন্টা নষ্ট করছেন এবং অফিসে আসার পরও অপ্রয়োজনে নিজ ডেস্কে না থেকে অফিসের বাহিরে অবস্থান করছেন। যাহা শৃংখলা পরিপন্থি। এমতাবস্থায়, আপনাকে যথা সময়ে অফিসে উপস্থিত হয়ে ইউসিসিএলিঃ এর চাকরি প্রবিধানমালা/২০১৮ অনুযায়ী কর্তব্য পালনের জন্য বলা হলো। এবং উল্লেখিত চাহিত ব্যাখ্যা আগামী ০৩ কার্যদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে উপস্থাপন করার জন্য বলা হলো।

বিষয়টি অতিব জরুরী।

চলমান পাতা ০২

পাতা নং ০২

মোঃ জিয়াউর রহমান
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

প্রাপক

জনাব মোঃ মকবুল হোসেন, পরিদর্শক
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
পুঠিয়া, রাজশাহী।

স্মারক নং-৪৭.৬২.৮১৮২.১০০.১৬.০৯৫.১১.২৩৬

তারিখঃ ০৯/০৭/২০২০খ্রিঃ।

সদয় অবগতির জন্য প্রেরিত হলো।

- ১) উপপরিচালক, বিআরডিবি, রাজশাহী।
- ২) সভাপতি, পুঠিয়া, ইউসিসিএ লিঃ, রাজশাহী।
- ৩) সহকারী পল্লী উন্নয়ন অফিসার, পুঠিয়া, রাজশাহী।
- ৪) অফিস নথি।

মোঃ জিয়াউর রহমান
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার